অনলাইন সংস্করণ
প্রথম আলো

মূল পাতা | যোগাযোগ | বর্তমান সংখ্যা

ঢাকা, বৃহস্পতিবার, ১০ এপ্রিল ২০০৮, ২৭ চৈত্র ১৪১৪, ৩ রবিউস সানি ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ১৫৪, আপডেট : বাংলাদেশ রাত ২টা ৫৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- প্রথম পাতা
- শেষ পাতা
- সম্পাদকীয়
- খোলা কলম
- সারা দেশ
- বিশাল বাংলা
- সারা বিশ্ব
- খেলাধুলা
- বিনোদন
- পড়াশোনা
- কম্পিউটার প্রতিদিন
- চিঠিপত্র
- অর্থ ও বাণিজ্য

ফিচার পাতা

- আলোকিত চট্টগ্রাম
- আনন্দ

মূল পাতা

সংবাদ শিরোনাম | আগের সংবাদ | পরের সংবাদ

বাংলাদেশ ও যুক্তরাজ্যের সন্ত্রাসীদের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে
ঢাকায় জ্যাকি স্মিথ: জুনে যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠক

সংবাদ সম্মেলনে বক্তব্য দিচ্ছেন জ্যাকি স্মিথ

বিশেষ প্রতিনিধি

যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী জ্যাকি স্মিথ ঢাকায় এসে বলেছেন, বাংলাদেশ এবং যুক্তরাজ্যের সন্ত্রাসী গোষ্ঠীর মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। দুই দেশের অভিন্ন স্বার্থে এসব সন্ত্রাসী গোষ্ঠীকে দমন করতে যৌথ ওয়ার্কিং গ্রুপ (জেডব্লিউজি) গঠনের সিদ্ধান্ত হয়েছে। আগামী জুনে এই গ্রুপের প্রথম বৈঠক হবে। বৈঠকের দিনক্ষণ এবং স্থান পরে আলোচনা করে ঠিক করা হবে।

গতকাল বুধবার বিকেলে ঢাকায় ব্রিটিশ হাইকমিশনারের বাসায় আয়োজিত সংবাদ সম্মেলনে যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। তিনি গত মঙ্গলবার রাতে ঝটিকা সফরে ঢাকায় আসেন। গতকালই তিনি ঢাকা ত্যাগ করেন। বলা হয়, তাঁর সফরের মূল উদ্দেশ্যই ছিল সন্ত্রাস দমনে দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয় নিয়ে আলোচনা করা। গতকাল তিনি প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ, পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার আহমদ চৌধুরী এবং সেনাবাহিনীর প্রধান জেনারেল মইন উ আহমেদের সঙ্গে সাক্ষাৎ করেন। এর আগে সকালে তিনি স্বরাষ্ট্র

890

বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন
৩৭১৭৪৮
জন পাঠক

উপদেষ্টা মেজর জেনারেল (অব.) এম এ মতিনের সঙ্গে বৈঠক করেন। এসব বৈঠক ও সাক্ষাৎ অনুষ্ঠানে আসন্ন নির্বাচন, সন্ত্রাস দমন, মানবাধিকার পরিস্থিতিসহ দুই দেশের অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

ব্রিটিশ মন্ত্রী জানান, বাংলাদেশ সরকারের উচ্চপর্যায়ের সঙ্গে আলোচনা করে তিনি নিশ্চিত হয়েছেন যে, আগামী ডিসেম্বরের মধ্যেই নির্বাচন হবে। এ লক্ষ্যে সরকার প্রস্তুতিমূলক কাজ করছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, একটি অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জরুরি অবস্থা তুলে নেওয়ার জন্য প্রধান উপদেষ্টাকে তিনি অনুরোধ করেছেন।

যুক্তরাষ্ট্র হরকাতুল জিহাদকে (হুজি) আন্তর্জাতিক সন্ত্রাসী সংগঠন ঘোষণা করেছে। এ বিষয়ে যুক্তরাজ্যের মতামত জানতে চাইলে জ্যাকি স্মিথ বলেন, এর সঙ্গে তাদের কোনো দ্বিমত নেই। তবে যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এখনই দুই দেশের সন্ত্রাসী বা তাদের সংগঠনের নাম বলতে রাজি হননি।

জ্যাকি স্মিথ বলেন, ?সন্ত্রাস দমনের ক্ষেত্রে উভয় দেশের সহযোগিতাকে আমরা উচ্চমূল্য দিয়ে থাকি।? যুক্তরাজ্য বাংলাদেশের সঙ্গে সন্ত্রাসী-জঙ্গিগোষ্ঠীকে দমনের লক্ষ্যে সহযোগিতা আরও বাড়ানোর প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে।

যুক্তরাজ্যে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা সে দেশের জন্য হুমকি কি না, জানতে চাইলে যুক্তরাজ্যের মন্ত্রী বলেন, প্রবাসী বাংলাদেশি এবং যুক্তরাজ্যের নাগরিকেরা সবাই দেশটিকে রক্ষা করতে চায়, সবাই শান্তি চায়। এ জন্য একসঙ্গে কাজ করা দরকার বলে তিনি মনে করেন। সন্ত্রাস দমনে বাংলাদেশ সরকারের আন্তরিকতায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

এ বছর বাংলাদেশের জাতীয় নির্বাচন অনুষ্ঠানে তত্ত্বাবধায়ক সরকারের নেওয়া পদক্ষেপকে সমর্থন জানিয়ে যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকারের সঙ্গে রাজনৈতিক দলের সংলাপকে যুক্তরাজ্য উৎসাহিত করছে।

জ্যাকি স্মিথ টেকসই গণতন্ত্রের স্বার্থে সরকারের সঙ্গে সংলাপে রাজনৈতিক দলগুলোর ইতিবাচক অংশগ্রহণ এবং সংস্কার কর্মসূচিতে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন।

বর্তমান সরকার নাকি নির্বাচিত সরকারের সঙ্গে কাজ করতে যুক্তরাজ্যের মন্ত্রীরা বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন–এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, অবশ্যই তিনি নির্বাচিত সরকারের সঙ্গে আলোচনায় বসতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন। আর এ জন্যই যুক্তরাজ্য বাংলাদেশে শক্তিশালী এবং টেকসই গণতন্ত্রের জন্য বর্তমান সরকারের নেওয়া রোডম্যাপ সমর্থন করে। যুক্তরাজ্য এবং আন্তর্জাতিক সম্প্রদায় মনে করে, বর্তমান সরকার এ বছর শেষ হওয়ার আগেই একটি নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য নির্বাচন করবে।

বাংলাদেশের দুর্নীতিবাজদের পাচার করা অর্থ উদ্ধারে যুক্তরাজ্য সহযোগিতা করবে কি না, জানতে চাইলে জ্যাকি স্মিথ বলেন, যুক্তরাজ্য ইতিমধ্যেই এ বিষয়ে সহযোগিতা দিয়েছে। যুক্তরাজ্যের সহায়তায় দুর্নীতিবাজদের অর্থ উদ্ধার করা সম্ভব বলে তিনি মন্তব্য করেন।

প্রসঙ্গত, গত চার মাসের মধ্যে যুক্তরাজ্যের তিনজন গুরুত্বপূর্ণ মন্ত্রী ঢাকা সফরে আসেন। এর আগে গত ডিসেম্বরে যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী ডগলাস আলেকজান্ডার এবং গত ফেব্রুয়ারি মাসে পররাষ্ট্রমন্ত্রী ডেভিড মিলিব্যান্ড ঢাকা সফর করেন।

সংবাদ সম্মেলনে যুক্তরাজ্যের হাইকমিশনার আনোয়ার চৌধুরী স্বাগত বক্তব্য দেন।

পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ: যুক্তরাজ্যের মন্ত্রী গতকাল পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার আহমদ চৌধুরীর সঙ্গে

রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাক্ষাৎ করেন।

পরে পররাষ্ট্র উপদেষ্টা সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, দুই দেশের সম্পর্ক ইতিহাসের গভীরে প্রথিত। দুই দেশের অভিন্ন মূল্যবোধ সমসাময়িককালে কৌশলগত অংশীদারিত্বে পরিণত হয়েছে। তিনি বলেন, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউনের সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক দুই দেশের সম্পর্ককে নতুন পর্যায়ে উন্নীত করেছে। সন্ত্রাস মোকাবিলার বিষয়েও আলোচনা হয় বলে তিনি জানান।

বাহুবলে নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন: বাংলাদেশে সফরে আসা যুক্তরাজ্যের মন্ত্রী হবিগঞ্জের বাহুবলে নতুন মডেল থানা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক, যুক্তরাজ্যের হাইকমিশনার আনোয়ার চৌধুরী, পুলিশ সংস্কার কর্মসূচির জাতীয় প্রকল্প পরিচালক নববিক্রম কিশোর ত্রিপুরা, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির ডেপুটি কান্ট্রি ডিরেক্টর ল্যারি ম্যারামিস প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে যুক্তরাজ্যের মন্ত্রী সে দেশে বসবাসরত বাংলাদেশি নাগরিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় করেন।

+ সংবাদ শিরোনাম | প্রিন্ট করুন | ? বাংলা না এলে

Home | About Us | Feedback | Contact

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
Concept & Design by JITU